

### প্রকাশিত সংবাদ প্রসঙ্গে মাদরাসা শিক্ষা বোর্ড

প্রেস বিজ্ঞপ্তি : 'মাদরাসায় নতুন শ্রেণী খোলার ব্যাপারে অনিয়মের অভিযোগ' শিরোনামে গত ২৮ সেপ্টেম্বর দৈনিক ইনকিলাব-এ প্রকাশিত একটি রিপোর্টের প্রতিবাদ জানিয়েছে বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড কর্তৃপক্ষ। কর্তৃপক্ষ প্রকাশিত রিপোর্ট সভ্য নয় বলে উল্লেখ করে, বলেছে, প্রকৃতপক্ষে সরকার ঘোষিত নীতিমালার আলোকেই বোর্ড এবং মহাপরিচালক মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদফতরের প্রতিনিধিগণ সমন্বয়ে যৌথভাবে কল্লবাজার জেলার ইসলামিয়া বালিকা ফাযিল মাদরাসা ও আদর্শ বালিকা ফাযিল মাদরাসা দু'টি কামিল শ্রেণী খোলার উপযুক্ততা যাচাইয়ের জন্য সরেজামিন পরিদর্শন করা হয়েছে। পরিদর্শন প্রতিবেদনে উভয় মাদরাসাতেই কামিল শ্রেণী খোলার বিষয়ে সুপারিশ করা হয়েছে। বর্তমানে উভয় মাদরাসায়ই কামিল শ্রেণী খোলার বিষয়ে শিক্ষা মন্ত্রণালয়ের নির্দেশ কামনা করা হয়েছে। অথচ প্রকাশিত রিপোর্টে নাম উল্লেখ না করে বোর্ডের এক উর্ধ্বতন কর্মকর্তা একাই পরিদর্শন করে যোগ্যতা না থাকা সত্ত্বেও কেবল আদর্শ বালিকা ফাযিল মাদরাসায় কামিল শ্রেণী খোলার সুপারিশ করেছেন বলে উল্লেখিত হয়েছে। এছাড়াও রিপোর্টে কবিত কর্মকর্তা অনিয়মভঙ্গিকভাবে আদর্শ বালিকা ফাযিল মাদরাসায় কামিল খোলার ফি গ্রহণের নির্দেশ প্রদান করে তা বোর্ডের সংশ্লিষ্ট বিভাগে জমা দিয়েছেন বলে উল্লেখিত হয়েছে। রিপোর্টের এ বিষয়টিও সঠিক নয়।